গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.০৫.০১৫.১৯/২৯০

তারিখ : ০২/০৫/২০২৩ খ্রি.

বিষয়: মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ইতো:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমুহের সুবিধা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ইতো:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত নিম্নোক্ত সেবাসমুহ চালু আছে। সংশ্লিষ্ট সকলকে সেবা সমুহের সুবিধা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

| ক্র. ন. | ইতো:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সেবা গ্রহণকারী | সেবার লিংক |
|---|---|---|---|---|
| ০২ | Digital Store Management System | মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা এর স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম ডিজিটালাইজেশনের আওতায় সফটওয়্যার ভিত্তিক সিস্টেমে উন্নীত করা হয়েছে। ফলে মাউশি অধিদপ্তরের সকল কর্মকর্তাগণ সফটওয়্যার ভিত্তিক ডিজিটাল স্টোর ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে অফিসের কাজে প্রয়োজনীয় সকল পণ্যের চাহিদা প্রেরণ করতে পারছেন এবং অনুমোদনের বিষয়টি অবহিত হয়ে স্টোর থেকে মালামাল গ্রহণ করতে পারছেন। | মাউশি অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী | http://store.emis.gov.bd/ inventory/login |
| ০৩ | "আমার শিক্ষা প্রতিষ্ঠান" নামে ০৫ টি কলেজে Education App Develop | ০৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণে "আমার শিক্ষা প্রতিষ্ঠান" (যেমন: আমার চাঁদপুর কলেজ) নামে একটি এডুকেশন অ্যাপস ডেভেলপমেন্ট করা হয়েছে। এই এডুকেশন অ্যাপস স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ কর্তৃক পরিচালিত হয়ে থাকে। শিক্ষকগণ অ্যাপস এর কার্যক্রম মনিটরিং করেন। এডুকেশন অ্যাপসের মাধ্যমে শিক্ষার্থীদের বিভিন্ন নোটিশ, ক্লাস রুটিন, রেফারেন্স বই, ফলাফল, সরাসরি চাকুরীর আবেদন, শিক্ষার্থীদের ডাটাবেজ, স্কিল ডেভেলপমেন্ট এর জন্য বিভিন্ন শিক্ষামূলক কার্যক্রম, স্টুডেন্ট ব্যাংকিং ইত্যাদি সুবিধা প্রদান করা হয়। এ্যাপস এর মাধ্যমে অনলাইনে ক্লাসসমুহ দেখা যায়। স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীদের দ্বারা সমন্বিত গ্রুপ এই অ্যাপসের নির্মাণ ও পরিচালনার কাজ করেছে। শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক- | ১. চট্টগ্রাম সরকারি কলেজ, চট্টগ্রাম ২. কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা ৩. নড়াইল সরকারি মহিলা কলেজ, নড়াইল ৪. গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ এবং ৫. নিউ গভ. ডিগ্রী কলেজ, রাজশাহী- এর শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ | Android App Amar Chattogram Govt. College |

| | | | | |
|---|---|---|---|---|
| | | শিক্ষার্থী-অভিভাবকগণ এই অ্যাপসের মাধ্যমে প্রয়োজনীয় সেবা পেয়ে থাকেন। | | |
| ০৫ | বি.এড প্রশিক্ষণ সেবা সহজীকরণ | সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের বি.এড. প্রশিক্ষণে মনোনয়ন প্রদানের ক্ষেত্রে অনলাইনে (গুগল ফর্মে) তথ্য সংগ্রহ করে শিক্ষকদের ক্যাচমেন্ট এড়িয়ায় অবস্থিত সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজে ভর্তির অনুমতি প্রদানসহ প্রেষণ মন্জুর করা হয়। ফলে শিক্ষকদের আবেদন নিয়ে মাউশি অধিদপ্তরে স্বশরীরে আশার প্রয়োজন হয়না। | সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ | www.dshe.gov.bd |
| ০৬ | উচ্চ শিক্ষা/গবেষণা কর্মে নিয়োজীত কর্মকর্তাদের তথ্য হালনাগাদ ও গবেষণার অগ্রগতির প্রতিবেদন দাখিল সহজীকরণ | উচ্চশিক্ষা অথবা গবেষণায় নিয়োজিত কর্মকর্তাগণ তাদের নিজ নিজ কর্মস্থল থেকে অতি সহজেই নিজেদের তথ্যাদি পূরণ করতে পারবেন ফলে তাদের তথ্যাদি নিয়মিত আপডেট এবং অনলাইনে সংরক্ষণ থাকবে। পাশাপাশি গবেষণাকর্মের অগ্রগতির প্রতিবেদন দাখিল করতে পারবেন এবং এজন্য মাউশি অধিদপ্তরে আসার প্রয়োজন হবেনা। মাউশি অধিদপ্তরের কর্মকর্তাগণ গবেষণার অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা করে গবেষণার/উচ্চ শিক্ষার অগ্রগতি পরীবিক্ষণ করবেন। | সরকারি কলেজ/স্কুলের শিক্ষকবৃন্দ | **http://www.emis.gov.bd/EMIS/HSRIMS/LeaveApplication/Attachment#!1** |
| ০৭ | PDS Login এর মাধ্যমে উচ্চ শিক্ষা/গবেষণা কর্মে যোগদানের জন্য প্রেষণ/শিক্ষাছুটি মন্জুরের আবেদন প্রেরণ/দাখিল সহজীকরণ | বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের যে সকল কর্মকর্তা উচ্চ শিক্ষা/গবেষণা কর্মে যোগদানের লক্ষ্যে প্রেষণ/শিক্ষাছুটি মন্জুরের জন্য মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে আবেদনপত্র প্রেরণ করবেন তারা নিজস্ব PDS Login এর মাধ্যমে নিজ অবস্থান থেকেই আবেদনপত্র প্রেরণ/দাখিল করতে পারছেন। এজন্য মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তরে আবেদনের হার্ড কপি জমা প্রদানের কোন প্রয়োজন হয় না। প্রত্যেক কর্মকর্তা নিজ নিজ PDS Login করে HSRIMS (Higher Study and Research Information Management System) মডিউলের মাধ্যমে আবেদনপত্র দাখিল/প্রেরণ করতে পারছেন। | সরকারি কলেজ/স্কুলের শিক্ষকবৃন্দ | **http://www.emis.gov.bd/EMIS/HSRIMS/LeaveApplication?ApplicationType=NormalApplication#!1** |
| ০৮ | মাউশি অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের বায়োমেট্রিক উপস্থিতি | মাউশি অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের অফিসে উপস্থিতি এবং অফিস ত্যাগের বিষয়ে বায়োমেট্রিক হাজিরা গ্রহণ করা হয়, ফলে সহজেই কর্মকর্তা কর্মচারীদের অফিসে উপস্থিতি এবং অফিস ত্যাগের বিষয়টি পর্যবেক্ষণ করা সম্ভব হচ্ছে। | মাউশি অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী | - |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | মাউশি অধিদপ্তরের TMIS (Training Management Information System) ব্যবহার করে প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত কার্যক্রম ডিজিটাইজেশন | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর তার নিজস্ব TMIS (Training Management Information System) ব্যবহার করে এর (মাউশি অধিদপ্তরের) অধীন শিক্ষা প্রতিষ্ঠান/অফিসে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের অনলাইনে প্রশিক্ষণে মনোনয়ন থেকে শুরু করে অনলাইন ডাটাবেজ প্রস্তুত করা হচ্ছে। www.emis.gov.bd ওয়েব সাইটের TMIS মডিউলের মাধ্যমে সমুদয় কার্যক্রম সম্পন্ন হচ্ছে। | স্কুল/কলেজের শিক্ষক/কর্মচারী | http://www.emis.gov.bd/EMIS/TMIS |

২/৫/২০২৩

ড. মো: নাজমুল আহসান মুরাদ
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-২)

আঞ্চলিক পরিচালক (সকল)
অধ্যক্ষ (সকল সরকারি/বেসরকারি কলেজ)
জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)
প্রধান শিক্ষক (সকল সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়)
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল:

১. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২. পরিচালক (প্রশিক্ষণ) ও ইনোভেশন অফিসার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট (ইএমআইএস), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশি'র ইনোভেশন ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)
৪. পিএ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৫. অফিস কপি ।